# Times Today BD

এসকে সোহেল | দেশজুড়ে | 27 June, 2025

মোংলা বন্দরের পশুর নদীর চরে ডুবে গেছে ফ্লাইঅ্যাশ (সিমেন্ট তৈরির কাঁচামাল) বোঝাই কার্গো জাহাজ।শুক্রবার (২৭ জুন) ভোর ৬টার দিকে মোংলা নদী ও পশু নদীর ত্রিমোহনা সংলগ্ন চরে এ দুর্ঘটনা ঘটে।

দুর্ঘটনাকবলিত জাহাজ এম,ভি মিজান-০১ এর ড্রাইভার মোঃ শওকত শেখ জানান, তাদের জাহাজটি পশুর চ্যানেলে এ্যাংকর করা অবস্থায় ছিল।শুক্রবার ভোর ৬টার দিকে এম,ভি কে আলম গুলশান-০২ নামক লাইটার কার্গো জাহাজ এ্যাংকর করে থাকা এম,ভি মিজান-০১ কার্গো জাহাজের উপর উঠিয়ে দেয়।এ সময় লাইটার কার্গো জাহাজের ধাক্কায় ওই কার্গো জাহাজটি ডুবে যায়।ডুবে যাওয়া কার্গো জাহাজটিতে ৯১৪ মেট্রিক টন ফ্লাইঅ্যাশ ছিল।ভারতের কলকাতার ভেন্ডেল এলাকা থেকে এ ফ্লাইঅ্যাশ বোঝাই করেছিল মিজান-১।ঢাকার নারায়ণগঞ্জের বসুন্ধরার ঘাটে যাওয়ার পথিমধ্যে যাত্রাবিরতিকালে মোংলা বন্দরে এ দুর্ঘটনা ঘটে।

ড্রাইভার শওকত আরো জানান, লাইটার জাহাজের ধাক্কায় তাদের কার্গো জাহাজের পাশ ও তলা ফেটে নদীতে ডুবে গেছে।ওই জাহাজে থাকা ১০জন স্টাফই সাঁতরিয়ে কুলে উঠে এখন নিরাপদ রয়েছেন।

এদিকে মোংলা বন্দরের পশুর চ্যানেলের চরে এ নৌযান দুর্ঘটনা ঘটলেও বন্দর চ্যানেল পুরোপুরি নিরাপদ রয়েছে।

মোংলা বন্দর কর্তৃপক্ষের উপ-পরিচালক বোর্ড ও জনসংযোগ বিভাগ মোঃ মাকরুজ্জামান বলেন, কার্গো জাহাজ এম,ভি মিজান-১ অপর একটি লাইটার জাহাজ এম,ভি কে আলম গুলশান-০২ এর ধাক্কায় পশুর নদীর চরে ডুবে গেছে।তবে বন্দর চ্যানেল সুরক্ষিত রয়েছে। বন্দর চ্যানেল দিয়ে সকল ধরণের নৌযান চলাচল স্বাভাবিক রয়েছে।

দুর্ঘটনা মোংলা কার্গো জাহাজ দুর্ঘটনা ত্রিমোহনা

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 01:51

URL: https://www.timestodaybd.com/across-the-country/9920093786